নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিস
সিনিয়র প্ল্যানার এর কার্যালয়
সিলেট সিটি কর্পোরেশন পুরাতন ভবন (৫ম তলা), তোপখানা, সিলেট
www.udd.sylhet.gov.bd

জরুরি

**স্মারক নম্বর:** ২৫.৪৫.৯১৬২.০০০.১০৩.০৬.০০০২.১৮.১০৭

তারিখ: ২ আষাঢ় ১৪৩৩ / ১৬ জুন ২০২৬

বিষয়: **সিলেট বিভাগীয় শহরের গেজেটেড মাস্টার প্ল্যান (২০১০-২০৩০) এর তফসিলভুক্ত জলাধার (কনক সরোবর নামে পরিচিত, সিলেট মিউনিসিপালিটি মৌজার দাগ নং-৫৭২৭) সংরক্ষণের অনুরোধ প্রসঙ্গে।**

যথাযথ সম্মান প্রদর্শনপূর্বক উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক সিলেট বিভাগীয় শহরের মাস্টার প্ল্যান (২০১০- ২০৩০) প্রণয়ন করা হয় । উক্ত মাস্টার প্ল্যানটি ২০১১ সালে গেজেট আকারে প্রকাশ করা হয় **(সংযুক্তি-১)**। প্রণয়নকৃত মাস্টার প্ল্যানে সিলেট সিটি কর্পোরেশন এলাকার জলাধার সংরক্ষণের জন্য প্রতিটি মৌজা অনুযায়ী (দাগ নম্বর সহ) তফশিল রয়েছে **(সংযুক্তি -২)**। উক্ত তফসিলে সিলেট মিউনিসিপ্যালিটি মৌজার ৫৭২৭ দাগ নম্বরটিকে জলাধার হিসেবে সংরক্ষনের জন্য উল্লেখ রয়েছে। সিলেট মিউনিসিপ্যালিটি মৌজার ৫৭২৭ দাগ নম্বরটি সরকারী অগ্রগামী বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজের মধ্যে অবস্থিত **(সংযুক্তি -৩)**।

উল্লেখ্য, মহানগরী, বিভাগীয় শহর, জেলা শহরের পৌর এলাকাসহ দেশের সকল পৌর এলাকার খেলার মাঠ, উন্মুক্ত স্থান, উদ্যান এবং প্রাকৃতিক জলাধার সংরক্ষণ আইন ২০০০ এর ৩৬ নং আইন, সিলেট উন্নয়ন কর্তৃপক্ষ আইন ২০২৩ ও বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ২০১০ এ জলাধার ভরাট না করা ও জলাধার সংরক্ষণ সহ **"প্রাকৃতিক জলাধার হিসেবে চিহ্নিত জায়গায় শ্রেণি পরিবর্তন করা যাইবে না বা উক্তরূপ জায়গা অন্য কোনোভাবে ব্যবহার করা যাইবে না বা অনুরূপ ব্যবহারের জন্য ভাড়া, ইজারা বা অন্য কোনভাবে হস্তান্তর করা যাইবে না"** মর্মে উল্লেখ রয়েছে **(সংযুক্তি -৪)**।

এমতাবস্থায়, সিলেট সিটি কর্পোরেশন এলাকার সার্বিক উন্নয়ন, জলাবদ্ধতা নিরসণ, নগর এলাকায় ভূ-উপরিস্থ পানি সংরক্ষণ ও ঐতিহ্য রক্ষার স্বার্থে গেজেটেড মাস্টার প্ল্যানের তফসিলে উল্লেখিত সিলেট মিউনিসিপ্যালিটি মৌজার ৫৭২৭ দাগ নম্বরের জলাধার (কনক সরোবর নামে পরিচিত) টি সংরক্ষনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি।

সংযুক্তি: বর্ণনামতে।

**সংযুক্তিসমূহঃ**

(১) সংযুক্তি-১_মাষ্টারপ্ল্যান ও গেজেট.pdf
(২) সংযুক্তি-২_জলাধার সংরক্ষণ তফশিল_সিলেট মাষ্টারপ্ল্যান ২০১০-২০৩০.pdf
(৩) সংযুক্তি-৩_কণক সরোবর সংশ্লিষ্ট দাগ ৫৭২৭_অগ্রগামী স্কুল ও কলেজ
(৪) সংযুক্তি-৪_ জলাধার সংরক্ষণ আইনসমুহ

১৬-০৬-২০২৬
জনাব শাহীন আহম্মেদ
সিনিয়র প্ল্যানার
ফোন : +৮৮০২৯৯৬৬৩৬৬৩৩
ইমেইল : uddsylhet@yahoo.com

জনাব মোঃ শামসুল আরেফিন খান, নির্বাহী প্রকৌশলী
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, সিলেট।

**স্মারক নম্বর:** ২৫.৪৫.৯১৬২.০০০.১০৩.০৬.০০০২.১৮.১০৭/১ (১৪) তারিখ: ২ আষাঢ় ১৪৩৩ / ১৬ জুন ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। প্রশাসক, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট।
২। কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
৩। পরিচালক (অতিরিক্ত সচিব), পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর।
৪। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান নির্বাহী কর্মকর্তার দপ্তর, জেলা পরিষদ, সিলেট।
৬। মোঃ জাহাঙ্গীর আলি, উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব ), উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পণা), নগর উন্নয়ন অধিদপ্তর।
৭। উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব ), উপ-পরিচালক এর দপ্তর(গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর।
৮। সিনিয়র প্ল্যানার, সিনিয়র প্ল্যানার এর কার্যালয়, সিলেট আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট।
৯। জনাব ফাইজুল কবির, সহকারী পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর, জেলা পরিবেশ অফিস, সিলেট।
১০। প্রধান শিক্ষিকা (ভারপ্রাপ্ত), সরকারী অগ্রগামী বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, জিন্দাবাজার, সিলেট।
১১। জনাব সেলিম আউয়াল, স্টাফ কারেসপন্ডেন্ট, বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস), ১৩ ফরিদবাগ, হাউজিং এস্টেট, আম্বরখানা, সিলেট।
১২। জনাব শাহ শাহেদা, অ্যাডভোকেট, বিভাগীয় সমন্বয়ক, বাংলাদেশ পরিবেশ আইনবিদ সমিতি (বেলা), বাসা # ৫৫, রোড # ৪৪, ব্লক- সি, শাহাজালাল উপশহর, সিলেট।
১৩। পলাশ কান্তি বিশ্বাস, সহকারী প্ল্যানার (রুটিন দায়িত্ব ), সিনিয়র প্ল্যানার এর কার্যালয়, সিলেট আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট।
১৪। অফিস কপি।

১৬-০৬-২০২৬
জনাব শাহীন আহম্মেদ
সিনিয়র প্ল্যানার

Attachment-01

# MASTER PLAN
for
# SYLHET DIVISIONAL TOWN

(2010-2030)

## STRUCTURE PLAN, URBAN AREA PLAN and DETAILED AREA PLAN

JUNE 2010

URBAN DEVELOPMENT DIRECTORATE (UDD)
Ministry of Housing and Public Works
The Government of the People's Republic of Bangladesh

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ১৭, ২০১১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**পরিকল্পনা শাখা-৩**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৮ কার্তিক ১৪১৮/২৩ অক্টোবর ২০১১

**নং গৃগম/পরি-২/০৮/২০০৪(অংশ-২)/২২০**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের Organizational Set up, Phase-II, (Departments/Directorates and Other Organizations under them), Volume XV (Ministry of Works), Chapter VI (Urban Development Directorate, June, 1983 এর Allocation of Functions এর ক্ষমতাবলে সরকার সিলেট এবং বরিশাল বিভাগীয় শহরের জন্য নতুন Master Plan এলাকা নির্ধারণ এবং অত্র এলাকাধীন প্রণীত Master Plan (Structure Plan, Urban Area Plan ও Detailed Area Plan) যথাযথ প্রক্রিয়া অনুসরণ করিয়া অনুমোদন করিয়াছে।

অতএব, সরকার অত্র প্রজ্ঞাপনের দ্বারা নতুন Master Plan (Structure Plan, Urban Area Plan ও Detailed Area Plan) এর অনুমোদনের বিষয়টি, অনুমোদিত Master Plan সহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য প্রকাশ করিল।

**বিশেষ দ্রষ্টব্য** ঃ অনুমোদিত মাষ্টার প্ল্যান ও প্রতিবেদন এর কপি নগর উন্নয়ন অধিদপ্তর, ৮২ সেগুন বাগিচা, ঢাকা-১০০০ এবং জেলা প্রশাসক, সিলেট ও জেলা প্রশাসক, বরিশাল এবং সিলেট সিটি কর্পোরেশন ও বরিশাল সিটি কর্পোরেশন এর কার্যালয়ে জনসাধারণের পরিদর্শনের সুবিধার্থে সংরক্ষিত থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ গোলাম মোছাদ্দেক**
সিনিয়র সহকারী প্রধান।

মোহাম্মদ জাকীর হোসেন (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd



**মূল্য ঃ** টাকা ২.০০

Attachment-02



# ANNEX-1.1

## CONSERVATION OF WATER BODIES AND TILAS IN THE PLANNING AREA

| Union Name | Mouza Name | J.L. No. | Sheet No. | Plot No (Full/Partial) | Use |
|---|---|---|---|---|---|
| SCC | Bagbari | 90 | 1 | 382, 383, 416, 419, 421, 422, 423, 443, 504, 505, 506, 507 | Waterbody |
| SCC | Bagbari | 90 | 2 | 701, 709, 710, 711, 715, 716, 717, 719, 720, 721, 722, 769, 770, 778, 779, 786, 795, 831, 845, 850, 851, 852, 856, 874, 875, 883, 884, 898, 899, 900, 901, 902, 907, 910, 912, 916, 932, 933, 938, 943, 957, 979, 980, 982, 983, 984, 986, 988, 995, 996, 1003, 1009, 1010, 1011, 1012, 1014, 1019, 1021, 1022, 1023, 1025, 1207, 1255, 1257, 1261, 1264, 1265, 1268, 1269, 1271, 1269, 1271, 1272, 1274, 1288. | Waterbody |
| SCC | Bagbari | 90 | 3 | 1543, 1558, 1559, 1565, 1567, 1578, 1649, 1650, 1651, 1696, 1699, 1700, 1701, 1719, 1748, 1749, 1750, 1751, 1753, 1756, 1757, 1758, 1759, 1761, 1764, 1771, 1774, 1775, 2036, 2085, 2395, 2410, 2411, 2416 | Waterbody |
| Khadimpara | Bahar | 70 | 1 | 160, 202, 210, 214, 283, 323, 474, 570, 579, 580, 585, 612, 625, 635, 636, 651, 652, 810, 811, 813, 816, 1024, 1038, 1040, 1041, 1047, 1057, 1058, 1060, 1061, 1065, 1066, 1071, 1075, 1076, 1084, 1085 | Waterbody |
| Khadimpara | Bahar | 70 | 2 | 2004, 2010, 2074, 2083, 2086, 2088, 2089 | Waterbody |
| Khadimpara | Bahar | 70 | 3 | 2296, 2297, 2298, 2313, 2314, 2321, 2408, 2469, 2470, 2589, 2602, 2607, 2624, 2843, 2860, 2865, 2866, 2869, 2943, 2952, 3002, 3006, 3007, 3008, 3049, 3450 | Waterbody |
| Khadimpara | Bahar | 70 | 4 | 3501, 3502, 3504, 3505, 3506, 3507, 3516, 3517, 3520, 3521, 3522, 3524, 3527, 3529, 3533, 3534, 3536, 3537, 3538, 3539, 3541, 3542, 3543, 3545, 3556, 3557, 3558, 3559, 3560, 3561, 3604, 3605, 3608, 3609, 3693, 3698, 3733, 3738, 3739, 3740, 3742, 3743, 3746, 3747, 3748, 3749, 3750, 3751, 3752, 3753, 3754, 3755, 3756, 3757, 3761, 3887, 3942, 3943, 3944, 3945, 3986, 3992, 3993, 3994, 3995, 3996, 3997, 3998, 3999, 4000, 4003, 4004, 4005, 4021, 4022, 4025, 4026, 4027, 4029, 4030, 4031, 4032, 4033, 4034, 4035, 4036, 4037, 4038, 4039, 4041, 4042, 4043, 4044,, 4045, 4047, 4049, 4050, 4051, 4054, 4056, 4057, 4063, 4068, 4069, 4074, 4075, 4084 | Waterbody |
| Khadimpara | Bahar | 70 | 5 | 4515, 4517, 4518, 4520, 4521, 4522, 4523, 4524, 4527, 4528, 4529, 4531, 4532, 4533, 4534, 4536, 4537, 4538, 4539, 4545, 4565, 4567, 4568, 4572, 4573, 4575, 4577, 4581 | Waterbody |
| Khadimnagar | Barsala | 54 | 2 | 1122, 1143, 1144, 1145, 1146, 1227, 1228, 1229, 1230, 1231, 1232, 1322, 1487, 1492, 1544, 1545, 1548, 1560, 1561, 1563, 1564, 1570, 1571, 1572, 1574, 1609, 1612, 1617, 1630, 1708, 1714, 1727, 1744, 1828, 1834, 1835, 1837, 1838, 1839, 1840, 1841, 1842, 1843, 2047, 2050, 2051 | Waterbody |
| Khadimnagar | Barsala | 54 | 3 | 2516, 2538, 2545, 2551, 2572, 2573, 2632, 2633, 2634, 2644, 2650, 2656, 2657 | Waterbody |
| Khadimnagar | Barsala | 54 | 4 | 3076, 3080, 3081, 3083, 3085, 3087 | Waterbody |
| Khadimnagar | Barthkhola | 112 | 0 | 61, 576, 603, 627 | Waterbody |
| Khadimnagar | Barthkhola | 116 | 0 | 1929 | Waterbody |
| Khadimnagar | Brahman Chhora Tea Garden | 78 | 0 | 72, 208, 209 | Waterbody |
| SCC | Bramon Shason | 77 | 0 | 67, 78, 81, 82, 162, 201 | Tila |

| Union Name | Mouza Name | J.L. No. | Sheet No. | Plot No (Full/Partial) | Use |
|---|---|---|---|---|---|
| | | | 0 | 295, 301, 321, 328, 329, 415, 427 | Waterbody |
| Tultikar | Debpur | 96 | 1 | 60, 685 | |
| SCC | Debpur | 96 | 2 | 1001, 1002, 1130, 1132, 1134, 1135, 1147, 1326, 1344, 1345, 1346, 1351, 1356, 1357, 1362, 1363, 1370, 1371, 1413, 1418, 1451, 1458, 1459, 1460, 1476, 1478, 1479, 1481, 1482, 1483, 1484, 1485, 1489, 1490, 1495, 1500, 1502, 1504, 1506, 1507, 1508, 1509, 1511, 1521, 1522, 1523, 1524, 1525, 1526, 1527, 1528, 1529, 1530, 1531, 1532, 1533, 1534, 1535, 1549, 1550, 1551, 1552, 1557, 1581, 1613, 1618, 1624, 1625, 1626, 1656, 1657, 1658, 1659, 1690, 1730, 1731, 1732, 1733, 1734, 1735, 1736, 1738, 1752, 1804, 1805, 1806, 1807, 1808, 1810, 1822, 1823, 1824, 1832, 1833, 1857, 1858, 1883, 1884, 1886, 1887, 1944 | |
| Tultikar | Debpur | 96 | 3 | 2308, 2324, 2325, 2326, 2327, 2339, 2340, 2342, 2343, 2344, 2345, 2346, 2417, 2427, 2428, 2459, 2460, 2472, 2473, 2474, 2591, 2592, 2593, 2594, 2595, 2598, 2599, 2600, 2601, 2712, 2713, 2714, 2719, 2723, 2724, 2725, 2726, 2726, 2727, 2728, 2729, 2733, 2734, 2735, 2736, 2737, 2739, 2740, 2741, 2743, 2747, 2748, 2751, 2752, 2755, 2756, 2758, 2759, 2760, 2761, 2762, 2763, 2768, 2771, 2773, 2774, 2775, 2776, 2777, 2778, 2779, 2780, 2781, 2787 | |
| SCC | Ghudrail | 126 | 0 | 154, 155, 156, 157, 177, 187, 1120 | |
| | Gotatikar | 110 | 1 | 15, 270, 348, 350, 351, 352, 353, 354, 355, 357, 358, 359, 360, 361, 362, 363, 364, 365, 366, 367, 368, 369, 370, 371, 372, 373, 375, 376, 377, 378, 379, 380, 381, 387, 388, 389, 390, 391, 392, 393, 394, 395, 396, 397, 399, 400, 401, 402, 403, 404, 429, 832, 833, 834, 835, 836, 837, 838, 839, 840, 843, 1217, 1218, 1233, 1553, 1554, 1555, 1556, 1568, 1569, 1582, 1647, 1667 | |
| | | | 2 | 2069, 2070, 2072, 2153, 2156, 2157, 2158, 2161, 2162, 2197, 2231, 2248, 2249, 2250, 2253, 2424, 2425, 2431, 2432, 2433, 2434 | |
| | Habinandi | 107 | 0 | 106, 122, 437, 1304, 1305 | |
| Tuker Bazar | Hamidnagar Tea Garden | 56 | 0 | 2, 21 | Tila |
| | | | | 16 | Waterbody |
| Khadimpara | Hazirai | 103 | 1 | 26, 29, 30, 36, 38, 40, 41, 45, 59, 88, 119, 120, 128, 130, 132, 133, 134, 135, 136, 137, 138, 139, 141, 142, 143, 144, 145, 150, 151, 153, 159, 162, 163, 164, 166, 167, 171, 174, 175, 179, 180, 184, 185, 186 | |
| | Hazirai | 103 | 2 | 1112, 1113, 1148, 1149, 1152, 1180, 1181, 1182, 1183, 1190, 1191, 1192, 1193, 1194, 1195, 1196, 1197, 1198, 1199, 1223, 1224, 1375, 1378, 1474, 1475, 1583, 1592, 1593, 1596, 1607, 1608, 1642, 1643, 1644, 1645, 1646, 1664, 1678, 1680, 1681, 1682, 1720, 1721, 1722, 1723, 1724, 1725, 1726, 1741, 1742, 1743, 1762, 1763, 1767, 1768 | |
| SCC | Kasbe Sylhet Amberkhana | 92 | 0 | 46, 63, 73, .74, 229, 296, 316, 317, 325, 337, 338, 374, 448, 461, 462, 524, 525, 526, 527, 528, 529, 565, 1049, 1050, 1051 | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| Khadimpara | Khidirpur | 69 | 1 | 6, 7, 10, 51, 108, 113, 119 | Tila |
| | | | 2 | 737, 1804, 1805 | |
| | | | 1 | 90, 94 | |
| Khadimpara | Khidirpur | 69 | 2 | 802, 815, 889, 893, 894, 895, 906, 1032, 1052, 1053, 1054, 1069, 1072, 1109, 1201, 1202, 1281, 1282, 1312, 1315, 1323, 1324, 1325, 1327, 1332, 1333, 1339, 1340, 1342, 1343, 1348, 1349, 1350, 1353, 1354, 1365, 1369, 1376, 1389, 1409, 1410, 1412, 1414, 1415, 1416, 1417, 1472, 1488, 1497, 1503, 1709, 1712, 1713, 1715, 1923, 1924, 1925, 1926, 1928, 1930, 1931, 1952, 1954, 1956, 1958, 1960, 1962, 1963, 1964, 1965, 1966, 1967, 1968, 2007, 2020, 2021, 2022, 2023, 2025, 2026, 2027, 2028, 2029, 2030, 2031, 2032, 2033, 2037, 2040, 2053 | Waterbody |
| | | | 3 | 3628, 3641, 3642, 3643, 3644, 3645, 3647, 3653, 3661, 3692, 3714 | |
| SCC | Khujakhola | 113 | 0 | 66, 67, 68, 69, 70, 99, 100, 101, 103, 104, 107, 108, 109, 110, 240, 247, 248, 249, 250, 251, 266, 275, 276, 282, 305, 341, 342, 343, 344, 346, 347, 349, 494, 496, 497, 498, 499, 508, 509, 510, 523, 530, 532, 631, 640, 641, 7047 | |
| | Kuchai | 105 | 0 | 5, 6, 14, 19, 22, 23, 24, 27, 28, 32, 33, 34, 35, 37, 718, 1162 | |
| | | | 3 | 2057 | Tila |
| | | | 1 | 97, 449, 455, 457, 563 | Waterbody |
| Tuker Bazar | Kumargaon | 80 | 2 | 744, 747, 748, 751, 753, 754, 757, 758, 759, 760, 761, 768, 776, 865, 876, 877, 878, 879, 925, 931, 942, 944, 950, 952, 955, 958, 959, 960, 961, 962, 963, 964, 966, 967, 1063, 1077, 1078, 1079, 1080, 1081, 1096, 1125, 1126, 1127, 1128, 1129, 1156, 1234, 1235, 1236, 1237, 1238, 1240, 1241, 1242, 1246, 1284, 1285, 1286, 1289, 1291, 1301, 1302, 1355, 1358, 1359, 1360, 1437, 1438, 1439, 1440, 1443, 1444, 1445, 1449, 1477, 1496, 1499, 1505, 1510, 1512, 1513, 1515, 1516, 1599, 1616, 1632, 1648, 1710, 1711, 1729, 2104, 2167, 2180, 2332 | |
| | | | 3 | 2333, 2335, 2336, 2337, 2338, 2536 | |
| | | | 4 | 2738, 2744, 2912, 2913, 2924, 2926, 2927, 2948, 2958, 2959, 2960, 2962, 2963, 2964, 2965, 2966, 2967, 2981, 2982, 2983, 2986, 2987, 2988, 2989, 2990, 2991, 2992, 2993, 2994, 2995, 2996, 2997, 2998, 3000, 3001, 3003, 3004, 3005, 3009, 3010, 3011, 3012, 3013, 3014, 3015, 3016, 3017, 3196, 3197, 3199, 3244, 3245, 3253, 3254, 3257, 3258, 3285, 3290, 3294, 3295, 3444, 3445, 3480, 3481, 3482, 3492, 3493, 3519, 3523, 3525, 3526, 3568, 3569, 3570, 3572, 3573, 3592, 3612, 3613, 3614 | |
| Tuker Bazar | Kusba Akalia | 88 | 0 | 51, 140, 146, 158, 168, 169, 211, 213, 232, 235, 335, 405, 406, 428, 456, 475, 476, 477 | |
| SCC | Kusba Kuituk | 100 | 0 | 25, 44, 55, 89, 96, 121 | |
| Tuker Bazar | Lakkatura Tea Garden | 75 | 1 | 81, 83 | |
| | | | 2 | 408, 438, 439, 440, 441, 442, 446, 447, 450,451, 452, 453, 454, 458, 459, 460, 463, 464, 469, 471, 472 | |


| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | 3 | 658 | Tila |
| | | | 4 | 804, 805, 806, 812, 814, 818, 819, 820, 821, 822, 846, 849, 886, 887, 888, 920, 921, 922, 923, 934, 935, 936, 937, 985 | |
| | Malni Chhora Tea Garden | 74 | 3 | 683, 699, 711 | Waterbody |
| Tuker Bazar | Malni Chhora Tea Garden | 74 | 3 | 671, 672, 673, 674, 677, 723, 724, 726, 727, 728, 733, 765, 766 | |
| | | | 4 | 803, 823, 824, 825, 826, 828, 829, 830, 868, 869, 897, 968, 971, 973, 975 | |
| SCC | Mominkhola | 111 | 0 | 91, 93, 98, 112, 123, 124, 126, 127, 147, 148, 149, 188, 205, 206, 207, 212, 217, 218, 238, 239, 243, 244, 265, 279, 280, 288, 290, 291, 714, 1048, 1062, 1086, 1087, 1089, 1098, 1099, 1101, 1102, 1103, 1104, 1105, 1106, 1107, 1108, 1150, 1316 | |
| Tuker Bazar | Mongli Chhora Tea Garden | 55 | 0 | 117 | |
| Kuchai | Paschim Bagh | 104 | 1 | 79, 116, 1611 | |
| | | | 2 | 2001, 2002, 2005, 2006, 2011, 2012, 2013, 2014, 2015, 2016, 2017, 2018, 2019, 2106, 2107, 2108, 2109, 2110, 2111, 2112, 2113, 2114, 2115, 2116, 2117, 2118, 2119, 2120, 2121, 2122, 2123, 2124, 2125, 2126, 2127, 2128, 2129, 2130, 2131, 2132, 2133, 2134, 2135, 2136, 2137, 2138, 2139, 2140, 2141, 2142, 2143, 2144, 2145, 2146, 2147, 2148, 2149, 2150, 2154, 2155, 2159, 2160, 2163, 2164, 2165, 2166, 2169, 2170, 2171, 2174, 2176, 2177, 2178, 2181, 2182, 2183, 2184, 2187, 2188, 2189, 2190, 2193, 2194, 2198, 2200, 2201, 2203, 2204, 2205, 2206, 2207, 2547, 2550 | |
| Khadimpara | Peshnewaz | 102 | 0 | 75, 76, 77, 181, 182, 190, 191,194, 196, 197, 198, 199, 200, 203, 204, 260, 262, 511, 513, 514, 516, 517, 518, 519, 520, 521, 531, 533, 534, 535, 536, 537, 538, 539, 540, 541, 544, 545, 550, 551, 591, 592, 595, 596, 601, 613, 614, 619, 621 | |
| SCC | Pulpur Purba | 106 | 0 | 1, 2, 3, 7, 8, 9, 11, 12, 13, 17, 18, 20, 21, 102, 105, 113, 219, 220, 225, 426 | |
| | Roynagar | 97 | 1 | 222, 223, 227, 228, 230, 302, 310, 312, 313, 315, 487, 734, 735, 736, 762, 763, 777, 780, 781, 782, 783, 784, 785, 788, 789, 790, 791, 792, 793, 797, 798, 799, 800, 801, 972, 976, 977 | |
| | | | 2 | 1239, 1243, 1253, 1254, 1258, 1259, 1328, 1329, 1330, 1335, 1336, 1337, 1372, 1373, 1374, 1377, 1380, 1381, 1382, 1383, 1385, 1386, 1387, 1450 | |
| Tultikar | Sadipur 1st part | 93 | 1 | 3, 22, 49, 55, 63, 115, 140, 150 | Tila |
| | | | 3 | 774, 888, 1015 | |
| | | | 2 | 314, 322, 326, 327, 386, 549 | Waterbody |
| | | | 3 | 767, 771, 772, 773, 844, 847, 848, 853, 854, 855, 858, 860, 861, 862, 863, 864, 866, 867, 871, 873, 913, 914, 939, 940, 941, 945, 946, 947, 948, 949, 953, 954, 956, 974, 1000 | |
| SCC | Sadipur 1st part | 97 | 2 | 1331 | |
| | Sadipur 2nd part | 98 | 1 | 115, 176, 201, 269, 271, 272, 274, 318, 488, 495, 553, 554, 556, 557, 558, 559, 562, 573, 574, 581, 582, 583, 590, 594, 597, 598, 599, 600, 604, 605, 606, 607, 608, 611, 615, 618, 622, 629, 630, 632, 702, 703, 704, 705, 706, 827, 870, 926, 927, 928 | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | 2 | 1687, 1692, 1693, 1694, 1716, 1737, 1739, 1740, 1817, 1820, 1821, 1846, 1847, 1848, 1849, 1852, 1853, 1854, 1856, 1860, 1861, 1894, 1937, 1938, 1939, 1940, 1941, 1943, 1945, 1947, 1948, 1976, 1977, 1979, 1982, 1996, 1997 | |
| Khadimpara | Sultanpur Chak | 101 | 0 | 42, 43, 47, 48, 86, 111, 114, 129, 152, 170, 173, 189, 192, 193, 215, 216, 221, 224, 242, 245, 246, 254, 255, 256, 257, 258, 281, 284, 285, 286, 287, 293, 294, 297, 304, 306, 307, 308, 309, 311, 319, 324, 330, 331, 332, 333, 356 | Waterbody |
| SCC | Sylhet Municipality | 91 | 1 | 52, 53, 54, 56, 58, 62, 64, 84, 85, 178, 231, 233, 234, 252, 253, 259, 261, 431, 432, 468, 470, 473, 501, 502, 503, 542, 543, 546 | |
| | | | 2 | 842, 881, 882, 1267, 1273 | |
| | | | 3 | 2101, 2102, 2103, 2481, 2482, 2497 | |
| | | | 4 | 3101, 3102, 3113, 3133, 3134, 3137, 3138, 3139, 3140, 3157, 3160, 3161, 3162, 3172, 3176, 3273, 3287 | |
| | | | 5 | 3629, 3630, 3631, 3632, 3633, 3635, 3637, 3638, 3639, 3640, 3694, 3695, 3696, 3697, 3699, 3702, 3703, 3704, 3705, 3711, 3712, 3713, 3718, 3719, 3720, 3722, 3723, 3744, 3745, 3758, 3759,, 3760, 3764, 3771, 3776, 3777, 3778, 3779, 3780, 3800, 3801, 3817, 3818, 3820, 3823, 3824, 3831, 3833, 3834 | |
| | | | 6 | 4017, 4059, 4064, 4085, 4089, 4090, 4091, 4095, 4106, 4107, 4108, 4110, 4111, 4112, 4129, 4130, 4131, 4132 | |
| | | | 7 | 4501, 4510, 4511, 4512, 4514, 4519, 4525, 4526, 4646, 4657, 4658, 4662, 4672, 4673, 4675, 4681, 4682, 4683 | |
| | | | 8 | 5001, 5002, 5003, 5004, 5010 | |
| | | | 9 | 5572, 5601, 5645, 5646, 5647, 5655, 5657, 5658, 5659, 5662, 5663, 5664, 5665, 5666, 5673, 5674, 5675, 5682, 5684, 5698, 5726, 5727 | |
| | | | 10 | 5910, 5911, 5914, 5918, 5919, 5947, 5972, 5973, 5977, 5978, 5983, 5984, 5985, 5999, 6000, 6027, 6028, 6032, 6033, 6034, 6035 | |
| | | | 11 | 6187 | |
| | | | 12 | 6466, 6467, 6468, 6543, 6551, 6552, 6554, 6555, 6557, 6568, 6570, 6572, 6573, 6576, 6578, 6586, 6587, 6606, 6626, 6636 | |
| | | | 14 | 7423, 7425, 7426, 7427, 7428, 7429, 7430, 7431, 7433, 7434, 7435, 7440, 7441, 7442, 7443, 7444, 7445, 7446, 7448 | |
| | | | 15 | 7985 | |
| | | | 17 | 8402, 8415, 8416, 8417, 8418, 8419, 8422, 8423, 8426, 8427, 8431, 8433, 8434, 8435, 8440, 8441, 8442, 8444, 8445, 8446, 8447, 8448, 8449, 8450, 8481, 8482, 8483, 8505, 8507, 8513, 8514, 8515, 8516, 8517, 8518, 8521, 8524, 8525, 8528, 8529, 8533, 8534, 8536, 8537, 8538, 8539, 8540, 8542, 8543, 8544, 8545, 8546, 8547, 8548, 8549, 8551, 8553, 8554, 8555, 8560, 8565, 8566, 8567, 8568, 8569, 8571, 8572, 8573, 8593, 8598, 8599, 8600, 8601, 8607, 8608, 8612, 8613, 8614, 8615, 8617, 8618, 8621, 8622, 8623 | |
| | | | 18 | 8916, 9011, 9013, 9014, 9016, 9019, 9021, 9022, 9023, 9028, 9029, 9030, 9032, 9330 | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | 19 | 10101, 10401, 10402, 10403, 10406, 10415, 10438, 10439, 10440, 10442, 10456, 10457, 10458 | |
| SCC | Sylhet Municipality | 91 | 20 | 10547, 10548, 10549, 10550, 10551, 10558, 10562, 10563, 10565, 10566, 10589, 10592, 10601, 10602, 10604, 10605, 10623, 10632, 10633, 10635, 10637, 10641, 10642, 10643, 10644, 10645, 10646, 10647, 10701, 10702, 10703, 10736, 10747, 10748, 10750, 10751, 10756, 10769, 10770, 10771, 10772, 10806, 10815, 10836, 10847, 10866, 10871, 10874 | Waterbody |
| | | | 21 | 11025, 11026, 11049, 11051, 11118, 11123, 11155, 11175, 11182, 11183, 11186, 11187, 11188, 11189, 11190, 11193, 11194, 11221, 11222, 11223, 11234, 11235, 11236, 11237, 11239, 11240, 11241, 11242, 11243, 11247, 11257, 11258, 11259, 11261, 11263, 11268, 11269, 11270, 11271, 11278, 11281, 11282, 11289, 11313 | |
| Tuker Bazar | Tarapur Tea Garden | 76 | 1 | 31 | |
| | | | 2 | 300 | |
| SCC | Tultikar | 99 | 0 | 4, 10, 49, 50, 78, 80, 87, 92, 95, 125, 131, 183, 236, 237, 241, 263, 264, 267, 268, 409, 410, 411, 412, 413, 465, 466, 467, 515 | |


Attachment-03

## WATERBODY FULLY ENCROACHED BY MULTI-STORIED BUILDINGS



Mouza: SCC Municipality
Plot No.: 5727 (GPS- 24.892425, 91.868281)
Ward No.: 14
Acre: 0.959
Landuse: Institutional (Education)
How: Agrogami School, 1 Storied Building, Encroachment started but can be reclaimed





Attachment-04

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, অক্টোবর ৫, ২০১০

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ৫ই অক্টোবর, ২০১০/২০শে আশ্বিন, ১৪১৭

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ৫ই অক্টোবর, ২০১০ (২০শে আশ্বিন, ১৪১৭) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে ঃ—

২০১০ সনের ৫০ নং আইন

### বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১ নং আইন) এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু, বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১ নং আইন) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু, এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ—

**১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আইন বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ (সংশোধন) আইন, ২০১০ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

**২। ১৯৯৫ সনের ১ নং আইনের ধারা ২ এর সংশোধন।**—বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২ এর—

(ক) দফা (ক) এর পর নিম্নরূপ দফা (কক) ও (ককক) সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"(কক) "জলাধার" অর্থ নদী, খাল, বিল, হাওড়, বাওড়, দীঘি, পুকুর, ঝর্ণা বা জলাশয় হিসাবে সরকারী ভূমি রেকর্ডে চিহ্নিত ভূমি, বা সরকার, স্থানীয় সরকার বা সরকারী কোন সংস্থা কর্তৃক সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা ঘোষিত কোন জলাভূমি, বন্যা প্রবাহ এলাকা, সলল পানি ও বৃষ্টির পানি ধারণ করে এমন কোন ভূমি;

(ককক) "ঝুঁকিপূর্ণ বর্জ্য (Hazardous Waste)" অর্থ যে কোন বর্জ্য যাহা নিজস্ব ভৌত বা রাসায়নিক গুণগত কারণে অথবা অন্য কোন বর্জ্য বা পদার্থের সংস্পর্শে আসার কারণে বিষক্রিয়া, জীবাণুসংক্রমণ, দহন, বিস্ফোরণক্রিয়া, তেজস্ক্রিয়া, ক্ষয়ক্রিয়া বা অন্য কোন ক্ষতিকর ক্রিয়া দ্বারা পরিবেশের ক্ষতিসাধনে সক্ষম;";

(খ) দফা (চ) এর পর নিম্নরূপ দফা (চচ) সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"(চচ) "পাহাড় ও টিলা" অর্থ প্রাকৃতিকভাবে সৃষ্ট পার্শ্ববর্তী সমতল ভূ-পৃষ্ট হইতে উঁচু মাটি অথবা মাটি ও পাথর অথবা পাথর অথবা মাটি ও কাঁকড় অথবা অন্য কোন কঠিন পদার্থ সমন্বয়ে গঠিত স্তুপ বা স্থান এবং সরকারি রেকর্ডপত্রে পাহাড় বা টিলা হিসাবে উল্লিখিত ভূমি;";

(গ) দফা (ছ) এর পর নিম্নরূপ দফা (ছছ) সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"(ছছ) "প্রতিবেশগত সংকটাপন্ন এলাকা (Ecologically Critical Area)" অর্থ এই আইনের ধারা ৫ এর অধীন ঘোষিত এমন এলাকা যাহা অনন্য জীববৈচিত্র্য সমৃদ্ধ বা পরিবেশগত বিবেচনায় গুরুত্বপূর্ণ হওয়ায় ধ্বংসাত্মক কর্মকান্ড হইতে রক্ষা করা বা সংরক্ষণ করা প্রয়োজন;"।

৩। **১৯৯৫ সনের ১ নং আইনের ধারা ৫ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ৫ এর পরিবর্তে নিম্নরূপ ধারা ৫ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"৫। **প্রতিবেশগত সংকটাপন্ন এলাকা ঘোষণা।**—(১) সরকার যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, পরিবেশের অবক্ষয়ের কারণে কোন এলাকার প্রতিবেশ ব্যবস্থা (Eco-system) সংকটাপন্ন অবস্থায় উপনীত হইয়াছে বা হইবার আশংকা রহিয়াছে তাহা হইলে সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, উক্ত এলাকাকে প্রতিবেশগত সংকটাপন্ন এলাকা (Eologically Critical Area) ঘোষণা করিতে পারিবে এবং অবিলম্বে উক্ত সংকটাপন্ন অবস্থা হইতে উত্তোরণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিবে।

(২) উপ-ধারা (১) এর অধীন প্রদত্ত সকল প্রজ্ঞাপনে সংশ্লিষ্ট এলাকার সীমানা ও মানচিত্রসহ আইনগত বর্ণনার উল্লেখ থাকিবে এবং এই সকল মানচিত্র ও আইনগত বর্ণনা সংশ্লিষ্ট এলাকাতে প্রদর্শিত হইবে এবং তাহা উক্ত এলাকার দালিলিক বর্ণনা হিসাবে বিবেচিত হইবে।

(৩) কোন এলাকাকে প্রতিবেশগত সংকটাপন্ন এলাকা ঘোষণার পর সরকার সংশ্লিষ্ট এলাকার জন্য ব্যবস্থাপনা পরিকল্পনা গ্রহণ করিবে।

(৪) প্রতিবেশগত সংকটাপন্ন বলিয়া ঘোষিত এলাকায় কোন্ কোন্ ক্ষতিকর কর্ম বা প্রক্রিয়া চালু রাখা বা শুরু করা যাইবে না তাহা সরকার উপ-ধারা (১) এ উল্লিখিত প্রজ্ঞাপনে নির্দিষ্ট করিয়া দিবে।"।

৪। **১৯৯৫ সনের ১নং আইনের ধারা ৬ এর সংশোধন।**— উক্ত আইনের ধারা ৬ক এর পর নিম্নরূপ ধারা ৬খ, ৬গ, ৬ঘ এবং ৬ঙ সংযোজিত হইবে, যথা ঃ—

"৬খ। **পাহাড় কাটা সম্পর্কে বাধা-নিষেধ।**—কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক সরকারী বা আধা-সরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের মালিকানাধীন বা দখলাধীন বা ব্যক্তিমালিকানাধীন পাহাড় ও টিলা কর্তন ও/বা মোচন (cutting and/or razing) করা যাইবে না ঃ

তবে শর্ত থাকে যে, অপরিহার্য জাতীয় স্বার্থের প্রয়োজনে অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণক্রমে কোন পাহাড় বা টিলা কর্তন বা মোচন করা যাইতে পারে।

৬গ। **ঝুঁকিপূর্ণ বর্জ্য উৎপাদন, আমদানী, মওজুদকরণ, বোঝাইকরণ, পরিবহণ, ইত্যাদি সংক্রান্ত বাধা-নিষেধ।**—পরিবেশের ক্ষতিরোধকল্পে সরকার, অন্যান্য আইনের বিধান সাপেক্ষে, বিধি দ্বারা ঝুঁকিপূর্ণ বর্জ্য উৎপাদন, প্রক্রিয়াকরণ, ধারণ, মওজুদকরণ, বোঝাইকরণ, সরবরাহ, পরিবহণ, আমদানী, রপ্তানী, পরিত্যাগকরণ (Disposal), ডাম্পিং, ইত্যাদি নিয়ন্ত্রণ করিতে পারিবে।

৬ঘ। **জাহাজ কাটা বা ভাঙ্গার কারণে সৃষ্ট দূষণ সংক্রান্ত বাধা-নিষেধ।**— কোন জাহাজ কাটা বা ভাঙ্গার ফলে কোন প্রকার ঝুঁকিপূর্ণ বর্জ্যের মাধ্যমে পরিবেশ দূষণ ও স্বাস্থ্যঝুঁকি সৃষ্টি না হয় তাহা প্রত্যেক জাহাজের মালিক, আমদানিকারক এবং জাহাজ কাটা বা ভাঙ্গার কাজে ইয়ার্ড ব্যবহারকারী নিশ্চিত করিতে বাধ্য থাকিবেন।

৬ঙ। **জলাধার সম্পর্কিত বাধা-নিষেধ।**—আপাততঃ বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, জলাধার হিসাবে চিহ্নিত জায়গা ভরাট বা অন্য কোনভাবে শ্রেণী পরিবর্তন করা যাইবে না ঃ

তবে শর্ত থাকে যে, অপরিহার্য জাতীয় স্বার্থে অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণক্রমে জলাধার সম্পর্কিত বাধা-নিষেধ শিথিল করা যাইতে পারে।"।

৫। **১৯৯৫ সনের ১নং আইনের ধারা ৯ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ৯ এর—

(ক) উপ-ধারা (১) এবং উপ-ধারা (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (১) এবং উপ-ধারা (৩) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(১) যে ক্ষেত্রে কোন কাজ বা ঘটনা বা কর্মকান্ড বা কোন দুর্ঘটনার ফলে বিধি দ্বারা নির্ধারিত পরিমাণের অতিরিক্ত পরিবেশ দূষক নির্গত হয় বা নির্গত হইবার আশংকা থাকে, সেই ক্ষেত্রে তদ্রূপ নির্গমনের জন্য দায়ী ব্যক্তি এবং নির্গমন স্থানটির দখলকার ব্যক্তি বা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সৃষ্ট পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ বা প্রশমন করিতে বাধ্য থাকিবেন।

(৩) এই ধারার অধীন কোন ঘটনা বা দুর্ঘটনার তথ্য প্রাপ্ত হইলে মহাপরিচালক বা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা, যথাশীঘ্র সম্ভব, পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ বা প্রশমন করার লক্ষ্যে প্রয়োজনীয় প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণের জন্য ধারা ৯ এর উপ-ধারা (১) এ বর্ণিত দায়ী ব্যক্তি বা প্রতিষ্ঠান বা অন্য যে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে নির্দেশ দিবেন এবং নির্দেশিত ব্যক্তি বা ব্যক্তিবর্গ বা প্রতিষ্ঠান মহাপরিচালক কর্তৃক প্রদত্ত নির্দেশ পালনে বাধ্য থাকিবেন।";

(খ) উপ-ধারা (৪) এর পর নিম্নরূপ উপ-ধারা (৫) সংযোজিত হইবে, যথা ঃ—

"(৫) উপ-ধারা (১) এর অধীন কোন কর্মকাণ্ডের ফলে নির্গত বর্জ্য বা দূষক মহাপরিচালক বা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক তাৎক্ষণিক পরীক্ষায় নির্ধারিত মানমাত্রা অতিক্রম করিয়াছে প্রমাণিত হইলে উক্ত পরীক্ষার রিপোর্ট আদালতে সাক্ষ্য হিসাবে গ্রহণযোগ্য হইবে।"।

৬। **১৯৯৫ সনের ১ নং আইনের ধারা ১২ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ১২ এর পরিবর্তে নিম্নরূপ ধারা ১২ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"১২। **পরিবেশগত ছাড়পত্র।**—(১) মহা-পরিচালকের নিকট হইতে, বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে, পরিবেশগত ছাড়পত্র ব্যতিরেকে কোন এলাকায় কোন শিল্প প্রতিষ্ঠান স্থাপন বা প্রকল্প গ্রহণ করা যাইবে না।

(২) এই আইন কার্যকর হইবার অব্যবহিত পূর্বে স্থাপিত শিল্প প্রতিষ্ঠান বা গৃহীত প্রকল্পের ক্ষেত্রে, বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ (সংশোধন) আইন, ২০১০ কার্যকরের পর অবিলম্বে পরিবেশগত ছাড়পত্র গ্রহণ করিতে হইবে।

(৩) কোন শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্প সম্প্রসারণের ক্ষেত্রে বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পরিবেশগত ছাড়পত্র গ্রহণ করিতে হইবে।

(৪) পরিবেশগত ছাড়পত্র বিষয়ে প্রণীত বিধিমালাতে অন্যান্য বিষয়ের সহিত পরিবেশগত প্রভাব নিরূপণ প্রতিবেদন, পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন, জনমত যাচাই, এই সকল বিষয়ে জনগণের তথ্য প্রাপ্যতা, ছাড়পত্র প্রদানকারী কমিটির গঠন ও কর্মপদ্ধতি, ছাড়পত্রের ন্যূনতম আবশ্যকীয় শর্তাবলী, আপীল ইত্যাদি বিষয়ে বিস্তারিতভাবে উল্লেখ থাকিবে।

(৫) অধিদপ্তর পরিবেশগত ছাড়পত্র প্রদানের জন্য শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পের তালিকা প্রতি বছর ৩১শে মার্চ তারিখের মধ্যে পূর্ববর্তী বৎসরের তালিকা হালনাগাদ করিবে এবং বিভিন্ন ধরণের শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পের পরিবেশগত প্রভাব নিরূপন প্রতিবেদন বা পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়নে সংশ্লিষ্ট ব্যক্তি বা সংস্থার ন্যূনতম যোগ্যতা ও দায়িত্ব নির্ধারণ করিবে ও এই সংক্রান্ত তালিকা প্রস্তুত, অনুমোদন এবং হালনাগাদ করিবে।"।

৭। **১৯৯৫ সনের ১ নং আইনের ধারা ১৫ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ১৫ এর পরিবর্তে নিম্নরূপ ধারা ১৫ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"১৫। **দণ্ড।**—(১) নিম্নটেবিলে উল্লিখিত বিধানাবলী লংঘন বা উহাতে উল্লিখিত নির্দেশ অমান্যকরণ বা অন্যান্য কার্যাবলীর জন্য উহার বিপরীতে উল্লিখিত দণ্ড আরোপণীয় হইবে ঃ

**টেবিল**

| ক্রমিক নং | অপরাধের বর্ণনা | | আরোপণীয় দণ্ড |
|---|---|---|---|
| ১। | ধারা ৪ এর উপ-ধারা (২) বা (৩) এর অধীন প্রদত্ত নির্দেশ অমান্যকরণ | ⇒ | প্রথম অপরাধের ক্ষেত্রে অন্যূন ১ (এক) বৎসর, অনধিক ২ (দুই)বৎসর কারাদণ্ড বা অন্যূন ৫০ (পঞ্চাশ) হাজার টাকা, অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড ; |
| | | | পরবর্তী প্রতিটি অপরাধের ক্ষেত্রে অন্যূন ২ (দুই) বৎসর, অনধিক ১০ (দশ) বৎসর কারাদণ্ড বা অন্যূন ২ (দুই) লক্ষ টাকা, অনধিক ১০ (দশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড । |
| ২। | ধারা ৫ এর উপ-ধারা (১) এর অধীনে প্রতিবেশগত সংকটাপন্ন এলাকা হিসাবে ঘোষিত এলাকায় নিষিদ্ধ কর্ম বা প্রক্রিয়া চালু রাখা বা শুরুর মাধ্যমে উপ-ধারা (৪) লংঘন | ⇒ | প্রথম অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড ; |
| | | | পরবর্তী প্রতিটি অপরাধের ক্ষেত্রে অন্যূন ২ (দুই) বৎসর, অনধিক ১০ (দশ) বৎসর কারাদণ্ড বা অন্যূন ২ (দুই) লক্ষ টাকা, অনধিক ১০ (দশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড । |

| ক্রমিক নং | অপরাধের বর্ণনা | | আরোপণীয় দণ্ড |
|---|---|---|---|
| ৩। | ধারা ৬ এর উপ-ধারা (১) এর লংঘন | ⟹ | প্রথম অপরাধের ক্ষেত্রে অনধিক ৫ (পাঁচ) হাজার টাকা অর্থদণ্ড ; দ্বিতীয় অপরাধের ক্ষেত্রে অনধিক ১০ (দশ) হাজার টাকা এবং পরবর্তী প্রতিটি অপরাধের ক্ষেত্রে অনধিক ১ (এক) বৎসর কারাদণ্ড বা ২০ (বিশ) হাজার টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড । |
| ৪। | ধারা ৬ক এর অধীনে প্রদত্ত নির্দেশ লংঘনক্রমে উহাতে বর্ণিত সামগ্রী— | | |
| | (ক) উৎপাদন, আমদানী, বাজারজাতকরণ | ⟹ | (ক) প্রথম অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড ;<br><br>পরবর্তী প্রতিটি অপরাধের ক্ষেত্রে অন্যূন ২ (দুই) বৎসর, অনধিক ১০ (দশ) বৎসর কারাদণ্ড বা অন্যূন ২ (দুই) লক্ষ টাকা, অনধিক ১০ (দশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড । |
| | (খ) বিক্রয়, বিক্রয়ের জন্য প্রদর্শন, মওজুদ, বিতরণ, বাণিজ্যিক উদ্দেশ্যে পরিবহণ বা বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহার | ⟹ | (খ) অনধিক ১ (এক) বৎসর কারাদণ্ড বা অনধিক ৫০ (পঞ্চাশ) হাজার টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড । |
| ৫। | ধারা ৬খ এর বিধান লংঘন | ⟹ | প্রথম অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড ;<br><br>পরবর্তী প্রতিটি অপরাধের ক্ষেত্রে অন্যূন ২ (দুই) বৎসর, অনধিক ১০ (দশ) বৎসর কারাদণ্ড বা অন্যূন ২ (দুই) লক্ষ টাকা, অনধিক ১০ (দশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড । |
| ৬। | ধারা ৬গ এর অধীন প্রণীত বিধির বা বিধিমালার বিধান লংঘন | ⟹ | প্রথম অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড;<br><br>পরবর্তী প্রতিটি অপরাধের ক্ষেত্রে অন্যূন ২ (দুই) বৎসর, অনধিক ১০ (দশ) বৎসর কারাদণ্ড বা অন্যূন ২ (দুই) লক্ষ টাকা, অনধিক ১০ (দশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড । |
| ৭। | ধারা ৬ঘ এর বিধান লংঘন | ⇨ | প্রথম অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড;<br><br>পরবর্তী প্রতিটি অপরাধের ক্ষেত্রে অন্যূন ২ (দুই) বৎসর, অনধিক ১০ (দশ) বৎসর কারাদণ্ড বা অন্যূন ২ (দুই) লক্ষ টাকা, অনধিক ১০ (দশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড । |

| ক্রমিক নং | অপরাধের বর্ণনা | আরোপণীয় দণ্ড |
| --- | --- | --- |
| ৮। | ধারা ৬ঙ এর বিধান লংঘন | ⇨ প্রথম অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড;<br>পরবর্তী প্রতিটি অপরাধের ক্ষেত্রে অন্যূন ২ (দুই) বৎসর, অনধিক ১০ (দশ) বৎসর কারাদণ্ড বা অন্যূন ২ (দুই) লক্ষ টাকা, অনধিক ১০ (দশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড। |
| ৯। | ধারা ৭ এর উপ-ধারা (১) এর অধীন প্রদত্ত নির্দেশ অমান্যকরণ | ⇨ প্রথম অপরাধের ক্ষেত্রে অন্যূন ১ (এক) বৎসর, অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অন্যূন ৫০ (পঞ্চাশ) হাজার টাকা, অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড;<br>পরবর্তী প্রতিটি অপরাধের ক্ষেত্রে অন্যূন ২ (দুই) বৎসর, অনধিক ১০ (দশ) বৎসর কারাদণ্ড বা অন্যূন ২ (দুই) লক্ষ টাকা, অনধিক ১০ (দশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড। |
| ১০। | ধারা ৯ এর উপ-ধারা (১) বা (২) এর লংঘন বা উপ-ধারা (৩) অনুসারে মহা-পরিচালক নির্দেশিত প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণে ব্যর্থতা | ⇨ প্রথম অপরাধের ক্ষেত্রে অন্যূন ১ (এক) বৎসর, অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অন্যূন ৫০ (পঞ্চাশ) হাজার টাকা, অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড;<br>পরবর্তী প্রতিটি অপরাধের ক্ষেত্রে অন্যূন ২ (দুই) বৎসর, অনধিক ১০ (দশ) বৎসর কারাদণ্ড বা অন্যূন ২ (দুই) লক্ষ টাকা, অনধিক ১০ (দশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড। |
| ১১। | ধারা ১০ এর উপ-ধারা (২) অনুসারে মহা-পরিচালককে বা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তিকে, যুক্তিসংগত কারণ ব্যতিরেকে, সাহায্য সহযোগিতা না করা | ⇨ অন্যূন ১ (এক) বৎসর, অনধিক ৩ (তিন) বৎসর কারাদণ্ড বা অন্যূন ৫০ (পঞ্চাশ) হাজার টাকা, অনধিক ৩ (তিন) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড; |
| ১২। | ধারা ১২ এর বিধান লংঘন | ⇨ অন্যূন ২ (দুই) বৎসর, অনধিক ৫ (পাঁচ) বৎসর কারাদণ্ড বা অন্যূন ১ (এক) লক্ষ টাকা, অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড। |
| ১৩। | এই আইনের অন্য কোন বিধান বা বিধিমালার অধীন প্রদত্ত কোন নির্দেশ লংঘন বা এই আইনের অধীন দায়িত্ব পালনে মহা-পরিচালক বা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তিকে বাধা প্রদান বা ইচ্ছাকৃতভাবে বিলম্ব সৃষ্টি করা | ⇨ অনধিক ৩ (তিন) বৎসর কারাদণ্ড বা অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড। |

(২) এই ধারার অন্যান্য বিধান সাপেক্ষে, বিধি দ্বারা কতিপয় অপরাধ চিহ্নিত এবং উক্ত অপরাধ সংঘটনের জন্য দণ্ড নির্ধারণ করা যাইবে, তবে এইরূপ দণ্ড ২ (দুই) বৎসর কারাদণ্ড বা ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডের অতিরিক্ত হইবে না।"।

৮। **১৯৯৫ সনের ১ নং আইনের ধারা ১৫ক এর সংশোধন।**— উক্ত আইনের ধারা ১৫ক এর পরিবর্তে নিম্নরূপ ধারা ১৫ক এবং ১৫খ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"১৫ক। **ক্ষতিপূরণের দাবী।**—এই আইন বা তদধীন প্রণীত বিধিমালা বা ধারা ৭ এ প্রদত্ত নির্দেশ লংঘনের ফলে কোন ব্যক্তি, গোষ্ঠী, জনগণ ক্ষতিগ্রস্ত হইলে, উক্ত ব্যক্তি, গোষ্ঠী, ক্ষতিগ্রস্ত জনগণ, অথবা তাহাদের পক্ষে মহাপরিচালক ক্ষতিপূরণের দাবীতে মামলা দায়ের করিতে পারিবেন।

১৫খ। **অপরাধের সহিত সংশ্লিষ্ট বস্তু, যন্ত্রপাতি বাজেয়াপ্তি।**— কোন ব্যক্তি ধারা ১৫ তে বর্ণিত কোন অপরাধ সংঘটনের জন্য দোষী সাব্যস্ত ও দণ্ডিত হইলে, উক্তরূপ অপরাধ সংঘটনে যন্ত্রপাতি বা উহার অংশ বিশেষ, যানবাহন বা অপরাধ সংশ্লিষ্ট পণ্যসামগ্রী বা অন্য কোন বস্তু বাজেয়াপ্ত অথবা বিনষ্টের জন্যও আদালত আদেশ দিতে পারিবে।"।

৯। **১৯৯৫ সনের ১ নং আইনের ধারা ১৬ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ১৬ এর—

(ক) উপ-ধারা (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (১) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(১) এই আইনের অধীন কোন বিধান লংঘনকারী বা এই আইন বা বিধির অধীন প্রদত্ত নোটিশ অনুযায়ী দায়িত্ব সম্পাদনে বা আদেশ বা নির্দেশ পালনে ব্যর্থ ব্যক্তি যদি কোম্পানী বা সমিতি বা সংঘ হয়, তাহা হইলে উক্ত কোম্পানী বা সমিতি বা সংঘের মালিক, অংশীদার, স্বত্বাধিকারী, চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক, পরিচালক, জেনারেল ম্যানেজার, ম্যানেজার, সচিব বা প্রত্যক্ষভাবে সংশ্লিষ্ট অন্য কোন কর্মকর্তা বা কর্মচারি বা এজেন্ট, বিধানটি লংঘন করিয়াছেন বা নোটিশ অনুযায়ী দায়িত্ব সম্পাদনে বা আদেশ বা নির্দেশ পালনে ব্যর্থ হইয়াছেন বলিয়া গণ্য হইবেন, যদি না তিনি প্রমাণ করিতে পারেন যে, উক্ত লংঘন বা ক্ষেত্রমত, ব্যর্থতা তাঁহার অজ্ঞাতসারে হইয়াছে অথবা উক্ত লংঘন বা ব্যর্থতা রোধ করিবার জন্য তিনি যথাসাধ্য চেষ্টা করিয়াছেন।";

(খ) উপ-ধারা (২) এর পর নিম্নরূপ উপ-ধারা (৩) সংযোজিত হইবে, যথা ঃ—

"(৩) এই আইনের অধীন কোন বিধান লংঘনকারী বা এই আইন বা বিধির অধীন প্রদত্ত নোটিশ অনুযায়ী দায়িত্ব সম্পাদনে বা আদেশ বা নির্দেশ পালনে ব্যর্থ ব্যক্তি যদি সরকারের কোন বিভাগ বা সরকারি সংস্থা বা প্রতিষ্ঠান বা স্থানীয় সরকার সংগঠন বা স্বায়ত্তশাসিত সংস্থা হয়, তাহা হইলে সরকারের উক্ত বিভাগ বা সরকারি সংস্থা বা প্রতিষ্ঠান বা স্থানীয় সরকার সংগঠন বা স্বায়ত্তশাসিত সংস্থার চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক, পরিচালক, জেনারেল ম্যানেজার, ম্যানেজার, সচিব বা অন্য কোন কর্মকর্তা বা কর্মচারি বা এজেন্ট বা তাঁহারা যে নামেই অভিহিত হউন না কেন, বিধানটি লংঘন করিয়াছেন বা নোটিশ অনুযায়ী দায়িত্ব সম্পাদনে বা আদেশ বা নির্দেশ পালনে ব্যর্থ হইয়াছেন বলিয়া গণ্য হইবেন, যদি না তিনি প্রমাণ করিতে পারেন যে, উক্ত লংঘন বা ক্ষেত্রমত, ব্যর্থতা তাঁহার অজ্ঞাতসারে হইয়াছে অথবা উক্ত লংঘন বা ব্যর্থতা রোধ করিবার জন্য তিনি যথাসাধ্য চেষ্টা করিয়াছেন।"।

১০। **১৯৯৫ সনের ১ নং আইনের ধারা ১৭ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ১৭ এর পরিবর্তে নিম্নরূপ ধারা ১৭ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"১৭। **ক্ষতিপূরণের মামলা দায়ের।**—এই আইন বা তদধীন প্রণীত বিধি লংঘনের ফলে কোন ব্যক্তি, গোষ্ঠী, জনগণ ক্ষতিগ্রস্ত হইলে, উক্ত ব্যক্তি, গোষ্ঠী, ক্ষতিগ্রস্ত জনগণ, অথবা তাহাদের পক্ষে মহাপরিচালক পরিবেশ আদালতে মামলা দায়ের করিতে পারিবেন।"।

১১। **১৯৯৫ সনের ১ নং আইনের ধারা ২০ এর সংশোধন।**—(১) উক্ত আইনের ধারা ২০ এর—

(ক) উপ-ধারা (১) এ উল্লিখিত "বিধি" শব্দটির পরিবর্তে "বিধিমালা" শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-ধারা (২) এ উল্লিখিত "বিধিতে" শব্দটির পরিবর্তে "বিধিমালায়" শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(গ) উপ-ধারা (২) এর দফা (জ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (জ) প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"(জ) পরিবেশগত ছাড়পত্র প্রদানের পদ্ধতি, তথ্য প্রাপ্তি এবং অন্যান্য সেবার ফিস নির্ধারণ;";

(ঘ) উপ-ধারা (২) এর দফা (জ) এর পর নিম্নরূপ দফা (ঝ), (ঞ), (ট), (ঠ) ও (ড) সংযোজিত হইবে, যথা ঃ—

"(ঝ) ঝুঁকিপূর্ণ বর্জ্যের তালিকা প্রণয়ন, ঝুঁকিপূর্ণ বর্জ্য উৎপাদন, ধারণ, মওজুদকরণ, বোঝাইকরণ, সরবরাহ, পরিবহণ, আমদানী, রপ্তানী, পরিত্যাগকরণ (Disposal), ডাম্পিং, ইত্যাদি নিয়ন্ত্রণ সংক্রান্ত বিধান;

(ঞ) বিভিন্ন এলাকায় শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের অবস্থান এবং পরিবেশগত ব্যবস্থাপনা সংক্রান্ত বিধি-নিষেধ নির্ধারণ;

(ট) প্রতিবেশগত সংকটাপন্ন এলাকার ব্যবস্থাপনা পদ্ধতি;

(ঠ) পরিবেশ গবেষণাগার স্থাপন, গবেষণাগারের কার্যাবলী, গবেষণাগারে নমুনা সরবরাহের পদ্ধতি, গবেষণার ফলাফল প্রকাশের ফরম, ফলাফল প্রকাশের পদ্ধতি, ফলাফল প্রাপ্তির জন্য ফি নির্ধারণ এবং গবেষণা কার্য পরিচালনার জন্য অন্য যে কোন বিষয়;

(ড) গণশুনানী অনুষ্ঠানের পদ্ধতি নির্ধারণ।"।

**প্রণব চক্রবর্তী**
অতিরিক্ত সচিব
ও
সচিব (দায়িত্বপ্রাপ্ত)।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

# মহানগরী, বিভাগীয় শহর ও জেলা শহরের পৌর এলাকাসহ দেশের সকল পৌর এলাকার খেলার মাঠ, উন্মুক্ত স্থান, উদ্যান এবং প্রাকৃতিক জলাধার সংরক্ষণ আইন, ২০০০

## ২০০০ সনের ৩৬ নং আইন

*[বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ১৮-৯-২০০০ ইং তারিখে প্রকাশিত]*

**মহানগরী, বিভাগীয় শহর ও জেলা শহরের পৌর এলাকাসহ দেশের সকল পৌর এলাকার খেলার মাঠ, উন্মুক্ত স্থান, উদ্যান এবং প্রাকৃতিক জলাধার সংরক্ষণের জন্য প্রণীত আইন**

যেহেতু মহানগরী, বিভাগীয় শহর ও জেলা শহরের পৌর এলাকাসহ দেশের সকল পৌর এলাকার খেলার মাঠ, উন্মুক্ত স্থান, উদ্যান এবং প্রাকৃতিক জলাধার সংরক্ষণের জন্য বিধান করা সমীচীন ও প্রয়োজনীয় ;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইলঃ-

১। **সংক্ষিপ্ত শিরোনামা ও প্রবর্তন**।– (১) এই আইন মহানগরী, বিভাগীয় শহর ও জেলা শহরের পৌর এলাকাসহ দেশের সকল পৌর এলাকার খেলার মাঠ, উন্মুক্ত স্থান, উদ্যান এবং প্রাকৃতিক জলাধার সংরক্ষণ আইন, ২০০০ নামে অভিহিত হইবে।

(২) সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে তারিখ নির্ধারণ করিবে সেই তারিখে এই আইন কার্যকর হইবে।

২। **সংজ্ঞা**।- বিষয় বা প্রসঙ্গে পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে-

(ক) "উদ্যান" অর্থ মাস্টার প্লানে বা ভূমি জরিপ নক্সায় উদ্যান বা পার্ক হিসাবে চিহ্নিত বা সরকার কর্তৃক, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, উদ্যান বা পার্ক হিসাবে ঘোষিত কোন স্থান ;

(খ) "উন্মুক্ত স্থান" অর্থ মাষ্টার প্লানে উন্মুক্ত স্থান হিসাবে চিহ্নিত বা সরকার কর্তৃক, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, উন্মুক্ত স্থান হিসাবে ঘোষিত এমন স্থান যাহা দীর্ঘদিন হইতে ঈদগাহ বা অন্য কোন ভাবে জনসাধারণ কর্তৃক ব্যবহার হইয়া আসিতেছে;

(গ) "কর্তৃপক্ষ" অর্থ রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, চট্রগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ এবং আপাততঃ বলবৎ অন্যকোন আইনের অধীন প্রতিষ্ঠিত কোন শহর উন্নয়ন কর্তৃপক্ষ, সিটি কর্পোরেশন এবং বিভাগীয় ও জেলা শহরের পৌরসভাসহ দেশের সকল পৌরসভা;

(ঘ) "খেলার মাঠ" অর্থ খেলাধুলা বা ক্রীড়া নৈপুণ্য প্রদর্শনের জন্য মাষ্টার প্লানে খেলার মাঠ হিসাবে চিহ্নিত জায়গা;

(ঙ) "নির্ধারিত" অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত ;

(চ) "প্রাকৃতিক জলাধার" অর্থ নদী, খাল, বিল, দীঘি, ঝর্ণা বা জলাশয় হিসাবে মাষ্টার প্লানে চিহ্নিত বা সরকার, স্থানীয় সরকার বা কোন সংস্থা কর্তৃক, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বন্যা প্রবাহ এলাকা হিসাবে ঘোষিত কোন জায়গা এবং সলল পানি এবং বৃষ্টির পানি ধারণ করে এমন কোন ভূমিও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(ছ) "মাষ্টার প্লান" অর্থ রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ এবং অন্যকোন শহর উন্নয়ন কর্তৃপক্ষ বা বিভাগীয় ও জেলা শহরসহ সকল পৌরসভা প্রতিষ্ঠাকারী আইনের অধীন প্রণীত মাষ্টার প্লান;

(জ) "শ্রেণী পরিবর্তন" অর্থ মাষ্টার প্লানে বা সরকারী গেজেটে সংশ্লিষ্ট জায়গার অবস্থা যে ভাবে উল্লেখ করা হইয়াছে বা বর্ণনা করা হইয়াছে বা সংশ্লিস্ট জায়গা সাধারণতঃ যেভাবে থাকার কথা মাটি ভরাট, পাকা, আধা-পাকা বা কাঁচা ঘর-বাড়ী এবং অন্য যে কোন ধরনের ভবন নির্মাণসহ কোনভাবে সেই অবস্থার পরিবর্তন হইতে পারে এমন কিছু করাকে বুঝাইবে;

(ঝ) "সরকার" অর্থ এই আইনের প্রশাসনিক মন্ত্রণালয়।

৩। **আইনের প্রাধান্য**।– আপাততঃ বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, এই আইন ও তদধীনে প্রণীত বিধির বিধানাবলী কার্যকর থাকিবে।

৪। **মাষ্টার প্লানের বহুল প্রচার**।– (১) কোন মাষ্টার প্লান চূড়ান্তভাবে প্রণয়নের পর উহার কপি উক্তরূপ প্রণয়নের তারিখ হইতে অন্যূন এক মাসের মধ্যে কর্তৃপক্ষের হেড অফিস এবং শাখা অফিস, যদি থাকে, এর নোটিশ বোর্ডে এমনভাবে লটকাইয়া রাখা হইবে যাহাতে উহা যথাসম্ভব সংশ্লিষ্ট এলাকার জনসাধারণের দৃষ্টি আকর্ষণ করে।

(২) কর্তৃপক্ষ তৎকর্তৃক নির্ধারিত মূল্যে মাষ্টার প্লানের মুদ্রিত কপি বা মাষ্টার প্লানের এলাকা ভিত্তিক নক্শা জনসাধারণের নিকট বিক্রির ব্যবস্থা করিবে।

(৩) সংশ্লিষ্ট কর্তৃপক্ষ যথাযথ বিবেচিত অন্য যে কোন পদ্ধতিতে মাষ্টার প্লান এবং তৎসূত্রে জনগণের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে বহুল প্রচারের ব্যবস্থা করিবে।

৫। **খেলার মাঠ, উন্মুক্ত স্থান, উদ্যান ও প্রাকৃতিক জলাধারের শ্রেণী পরিবর্তনে বাধা-নিষেধ**।– এই আইনের বিধান অনুযায়ী ব্যতীত, খেলার মাঠ, উন্মুক্ত স্থান, উদ্যান এবং প্রাকৃতিক জলাধার হিসাবে চিহ্নিত জায়গার শ্রেণী পরিবর্তন করা যাইবে না বা উক্তরূপ জায়গা অন্য কোনভাবে ব্যবহার করা যাইবে না বা অনুরূপ ব্যবহারের জন্য ভাড়া, ইজারা বা অন্য কোনভাবে হস্তান্তর করা যাইবে না।

**ব্যাখ্যা**।- এই ধারার উদ্দেশ্য পূরণকল্পে, কোন উদ্যানের মৌলিক বৈশিষ্ট্য নষ্ট হয় এইরূপে উহার বৃক্ষরাজি নিধনকে উদ্যানটির শ্রেণী পরিবর্তনরূপে গণ্য করা হইবে।

৬। **জায়গার শ্রেণী পরিবর্তনের আবেদন, ইত্যাদি**।– (১) ধারা ৫-এ বর্ণিত কোন জায়গা বা জায়গার অংশবিশেষের শ্রেণী পরিবর্তন করার প্রয়োজন হইলে উক্ত জায়গার মালিক, প্রস্তাবিত পরিবর্তনের কারণ লিপিবদ্ধ করিয়া, সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মাধ্যমে সরকারের নিকট আবেদন করিবেন।

(২) উপ-ধারা (১) এর অধীন আবেদনপত্র প্রাপ্তির ৬০ দিনের মধ্যে কর্তৃপক্ষ আবেদনপত্রটি বিবেচনা করিয়া আবেদনাধীন জায়গার শ্রেণী পরিবর্তন জনস্বার্থে সমীচীন হইবে কিনা সেই সম্পর্কে, অন্যান্যের মধ্যে, নিম্নবর্ণিত বিষয়ের উপর সুস্পষ্ট মতামত এবং সুপারিশ সহকারে আবেদনটি সরকার বরাবরে প্রেরণ করিবে, যথা ঃ-

(ক) আবেদনাধীন জায়গার শ্রেণী পরিবর্তন করা হইলে মাস্টার প্লানের উদ্দেশ্য ক্ষতিগ্রস্ত হইবে কিনা, হইলে উহার পরিমাণ ; এবং

(খ) শ্রেণী পরিবর্তনজনিত কারণে সংশ্লিষ্ট এলাকার পরিবেশের উপর কোন ক্ষতিকর প্রভাব পড়িবে কিনা বা বসবাসকারীগণের অন্য কোন প্রকার ক্ষতি হইবার সম্ভাবনা আছে কিনা।

(৩) শ্রেণী পরিবর্তনের জায়গা যদি সরকারী, স্থানীয় কর্তৃপক্ষ, বিধিবদ্ধ সংস্থা বা কোম্পানীর হয় সেক্ষেত্রেও এই ধারার বিধানাবলী একইভাবে প্রযোজ্য হইবে।

(৪) উপ-ধারা (২) এর অধীন মতামত এবং সুপারিশ প্রদানের সুবিধার্থে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ আবেদনকারীর নিকট হইতে এতদ্‌সংশ্লিষ্ট প্রয়োজনীয় তথ্য ও দলিল চাহিতে পারিবে এবং আবেদনকারী উক্তরূপ তথ্য ও দলিল এতদুদ্দেশ্যে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়সীমা, যাহা নোটিশ প্রাপ্তির তারিখ হইতে অন্যূন ১৫ দিন হইবে, এর মধ্যে সরবরাহ করিতে বাধ্য থাকিবে।

(৫) এই ধারার অধীন কোন আবেদন গ্রহণ করা হইবে না যদি উহার সহিত নির্ধারিত ফিস কর্তৃপক্ষের বরাবরে নির্ধারিত পদ্ধতিতে জমা করার রসিদ সংযুক্ত করা না হয়।

৭। **আবেদনপত্র নিষ্পত্তি**।– (১) ধারা ৬-এর অধীন আবেদনপত্র প্রাপ্তির ৬০ দিনের মধ্যে সরকার, সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মতামত এবং সুপারিশ বিবেচনা করিয়া, আবেদনের উপর সিদ্ধান্ত প্রদান করিবে এবং আবেদনকারীকে, সিদ্ধান্ত প্রদানের তারিখ হইতে ১৫ দিনের মধ্যে, উক্ত সিদ্ধান্ত লিখিতভাবে অবহিত করিবে ঃ

তবে শর্ত থাকে যে, আবেদনপত্রটি অননুমোদন করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হইলে, আবেদন প্রাপ্তির ৯০ দিনের মধ্যে সরকার আবেদনকারীকে শুনানীর সুযোগ প্রদান করিবে।

(২) উপ-ধারা (১) এ প্রদত্ত সিদ্ধান্তে সংক্ষুব্ধ আবেদনকারী সিদ্ধান্ত সম্বলিত স্মারক বা নোটিশ প্রাপ্তির তারিখ হইতে ৩০ দিনের মধ্যে সরকার বরাবরে উহার সিদ্ধান্ত পুনর্বিবেচনা করিবার জন্য আবেদন করিতে পারিবে।

(৩) উপ-ধারা (২) এর অধীন সিদ্ধান্ত পুনর্বিবেচনার কোন আবেদন গ্রহণযোগ্য হইবে না যদি উহার সহিত নির্ধারিত ফিস সরকার বরাবরে নির্ধারিত পদ্ধতিতে জমা করার রসিদ সংযুক্ত করা না হয়।

(৪) উপ-ধারা (৩) এর অধীন প্রদত্ত আবেদনের উপর সরকারের সিদ্ধান্ত চূড়ান্ত হইবে।

৮। **শাস্তি, ইত্যাদি**।– (১) কোন ব্যক্তি এই আইনের কোন বিধান লঙ্ঘন করিলে তিনি অনধিক ৫ বৎসরের কারাদণ্ডে বা অনধিক ৫০ (পঞ্চাশ) হাজার টাকা অর্থদণ্ডে অথবা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন।

(২) ধারা ৫ এর বিধান লঙ্ঘন করিয়া যদি কোন জায়গা বা জায়গার অংশ বিশেষের শ্রেণী পরিবর্তন করা হয়, তাহা হইলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ নোটিশ দ্বারা জমির মালিককে অথবা বিধান লঙ্ঘনকারী ব্যক্তিকে নোটিশে উল্লেখিত জায়গার শ্রেণী পরিবর্তনের কাজে বাধা প্রদান করিতে পারিবে এবং নির্ধারিত পদ্ধতিতে অননুমোদিত নির্মাণ কার্য ভাঙ্গিয়া ফেলিবার নির্দেশ দিতে পারিবে এবং অন্য

কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, উক্তরূপ ভাঙ্গিয়া ফেলিবার জন্য কোন ক্ষতিপূরণ প্রদেয় হইবে না।

(৩) এই আইনের বিধান লঙ্ঘন করিয়া যদি কোন নির্মাণকার্য সম্পাদিত বা অবকাঠামো তৈরী হইয়া থাকে সেই সকল অবকাঠামো আদালতের আদেশে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বরাবরে বাজেয়াপ্ত হইবে।

৯। **অর্থদণ্ড আরোপের ক্ষেত্রে কতিপয় ম্যাজিস্ট্রেটের বিশেষ ক্ষমতা**।– Code of Criminal Procedure, 1898 (Act V of 1898) এ ভিন্নতর যাহা কিছুই থাকুক না কেন, কোন ব্যক্তির উপর ধারা ৮ এর অধীনে অর্থদণ্ড আরোপের ক্ষেত্রে একজন প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট বা মেট্রোপলিটান এলাকায় মেট্রোপলিটান ম্যাজিস্ট্রেট উক্ত ধারায় উল্লিখিত অর্থদণ্ড আরোপ করিতে পারিবেন।

১০। **সরল বিশ্বাসে কৃত কাজকর্ম রক্ষণ**।– এই আইন বা বিধির অধীন সরল বিশ্বাসে কৃত কোন কাজের ফলে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হইলে বা ক্ষতিগ্রস্ত হইবার সম্ভাবনা থাকিলে তজ্জন্য কর্তৃপক্ষের বা, ক্ষেত্রমত, চেয়ারম্যান বা প্রধান নির্বাহী কর্মকর্তা বা কর্তৃপক্ষের অন্য কোন কর্মকর্তার বা অপর কর্মচারী বা কোন ব্যক্তির বিরুদ্ধে কোন আইনগত কার্যক্রম গ্রহণ করা যাইবে না।

১১। **কোম্পানী কর্তৃক অপরাধ সংঘটন**।– এই আইনের অধীন কোন বিধান লঙ্ঘনকারী ব্যক্তি যদি কোম্পানী হয়, তাহা হইলে উক্ত কোম্পানীর মালিক, পরিচালক, ম্যানেজার, সচিব বা অন্য কোন কর্মকর্তা বা এজেন্ট বিধানটি লঙ্ঘন করিয়াছেন বলিয়া গণ্য হইবে, যদি না তিনি প্রমাণ করিতে পারেন যে, উক্ত লঙ্ঘন তাঁহার অজ্ঞাতসারে হইয়াছে অথবা উক্ত লঙ্ঘন রোধ করিবার জন্য তিনি যথাসাধ্য চেষ্টা করিয়াছেন।

**ব্যাখ্যা**।– এই ধারায় –

(ক) "কোম্পানী" বলিতে কোন সংবিধিবদ্ধ সংস্থা, বাণিজ্য প্রতিষ্ঠান ও সমিতি বা সংগঠনকেও বুঝাইবে ;

(খ) বাণিজ্য প্রতিষ্ঠানের ক্ষেত্রে, "পরিচালক" বলিতে উহার কোন অংশীদার বা পরিচালনা বোর্ডের সদস্যকেও বুঝাইবে।

১২। **অপরাধ বিচারার্থে গ্রহণ, ইত্যাদি**।– (১) কর্তৃপক্ষের চেয়ারম্যান বা প্রধান, যে নামেই অভিহিত হউক না কেন, বা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তির লিখিত অভিযোগ ছাড়া কোন আদালত এই আইনের অধীন কোন অপরাধ বিচারের জন্য গ্রহণ করিবে না।

(২) অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের অধীন দণ্ডনীয় অপরাধ আমলযোগ্য বা ধর্তব্য (Congnizable) অপরাধ হইবে।

১৩। **বিধি প্রণয়নের ক্ষমতা**।– সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে বিধি প্রণয়ন করিতে পারিবে।